

ঢাকা ওয়াসা

- ১) ২০২৫-২৬ অর্থ-বছরের অনুমোদিত বার্ষিক ক্রয়-পরিকল্পনার কপি।
- ২) শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় হতে পাণ্ড পত্র।
- ৩) প্রাক্কলন।

বিষয় “মহান মে দিবস এবং জাতীয় পেশাগত স্বাস্থ্য ও সেইফটি দিবস-২০২৬” উদযাপন উপলক্ষ্যে আয়োজিতব্য র্যালিতে অংশগ্রহণকারীদের জন্য বিশুদ্ধ পানি সরবরাহের জন্য পানির ট্যাংক স্থাপন ও পরবর্তীতে পানির ট্যাংকসহ অন্যান্য মালামাল ফেরত আনয়ন কাজ অনুমোদন প্রসঙ্গে।

১) উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, “মহান মে দিবস এবং জাতীয় পেশাগত স্বাস্থ্য ও সেইফটি দিবস-২০২৬” রাষ্ট্রীয়ভাবে উদযাপন উপলক্ষ্যে শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় কর্তৃক র্যালির আয়োজন করা হয়েছে। উক্ত র্যালিতে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী জনাব তারেক রহমান প্রধান অতিথি হিসেবে উপস্থিত থাকবেন। আয়োজিতব্য র্যালিতে অংশগ্রহণকারীদের জন্য বিশুদ্ধ পানি সরবরাহের জন্য শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় হতে কর্তৃপক্ষ বরাবর পত্র প্রদান করা হয়েছে। সেপ্রেক্ষিতে উক্ত র্যালির যাত্রাপথ মানিক মিয়া এভিনিউস্থ জাতীয় সংসদের দক্ষিণ প্রাঙ্গণ হতে শুরু করে বাংলাদেশ চীন-মৈত্রী সম্মেলন কেন্দ্র পর্যন্ত রাস্তায় পিভিসি ট্যাংক স্থাপন করে বিশুদ্ধ পানি সরবরাহ করার উদ্যোগ নেয়া হয়েছে। পানির ট্যাংক স্থাপন কাজে ডিনাইল স্টিকার তৈরী, পানির কল, পানির মগ ও আনুষঙ্গিক মালামাল ক্রয় করা প্রয়োজন। এছাড়াও পানির ট্যাংক ধৌত করণ, স্ট্যান্ড সহযোগে পানির ট্যাংক স্থাপন এবং অনুষ্ঠান শেষে স্ট্যান্ডসহ পানির ট্যাংক ফেরত আনার কাজে শ্রমিক নিয়োজিত করা প্রয়োজন।

২। উপরিউক্ত বর্ণনার আলোকে “মহান মে দিবস এবং জাতীয় পেশাগত স্বাস্থ্য ও সেইফটি দিবস-২০২৬” উদযাপন উপলক্ষ্যে আয়োজিতব্য র্যালিতে অংশগ্রহণকারীদের জন্য বিশুদ্ধ পানি সরবরাহের জন্য পানির ট্যাংক স্থাপন ও অনুষ্ঠান শেষে পানির ট্যাংকসহ অন্যান্য ফেরত আনার জন্য একটি প্রাক্কলন প্রস্তুত করা হয়েছে। উক্ত প্রাক্কলনে টাকার পরিমাণ দাঁড়িয়েছে মোট ৳২১,২৭৫/- (একুশ হাজার দুইশত পচাত্তর) টাকা মাত্র (ক্রমিক নং:৩৮:১)। আলোচ্য কাজটি পিপিআর-২০২৫ এর বিধি ১০০(১) অনুযায়ী নগদ ক্রয় পদ্ধতিতে (অস্থায়ী অগ্রিম হিসাবে) সম্পন্ন করা যেতে পারে। আলোচ্য কাজের ব্যয়ভার মডস জোন-৩ এর ২০২৫-২৬ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার “পানির লাইন রক্ষণাবেক্ষণ” খাত এর থোক বরাদ্দ ক্রমিক নং- B.16(32) হতে নির্বাহ করা যেতে পারে। ঢাকা ওয়াসার অনুমোদিত Sub-DoFP অনুযায়ী আলোচ্য কাজ “প্রধান প্রকৌশলী” মহোদয়ের অনুমোদন এস্তিয়ারভুক্ত।

৩) এমতাবস্থায়, “মহান মে দিবস এবং জাতীয় পেশাগত স্বাস্থ্য ও সেইফটি দিবস-২০২৬” উদযাপন উপলক্ষ্যে আয়োজিতব্য র্যালিতে অংশগ্রহণকারীদের জন্য বিশুদ্ধ পানি সরবরাহের জন্য পানির ট্যাংক স্থাপন ও পরবর্তীতে পানির ট্যাংকসহ অন্যান্য মালামাল ফেরত আনয়ন শীর্ষক কাজের জন্য নিম্নোক্ত প্রস্তাব সমূহ সদয় অনুমোদন করা যেতে পারেঃ

ক) উল্লিখিত কাজটি সম্পাদনের জন্য ৳২১,২৭৫/- (একুশ হাজার দুইশত পচাত্তর) টাকা মাত্র এর অনুমোদন;

খ) পিপিআর-২০২৫ এর বিধি ১০০(১) অনুযায়ী নগদ ক্রয় পদ্ধতিতে (অস্থায়ী অগ্রিম হিসাবে) সম্পন্ন করার অনুমোদন এবং

গ) আলোচ্য কাজের ব্যয়ভার মডস জোন-৩ এর ২০২৫-২৬ অর্থ বছরের অনুমোদিত বার্ষিক ক্রয় পরিকল্পনার “পানির লাইন রক্ষণাবেক্ষণ” খাত এর থোক বরাদ্দ ক্রমিক নং- B.16(32) হতে নির্বাহ করার অনুমোদন।

উল্লিখিত প্রস্তাবসমূহ “প্রধান প্রকৌশলী” মহোদয় কর্তৃক সদয় অনুমোদনের জন্য উপস্থাপন করা হ’ল।

২৭/০৪/২৬
মোস্তাক আহমেদ
উপ-সহকারী প্রকৌশলী
মডস জোন-৩
ঢাকা ওয়াসা

২৭/৪/২৬
মিলন মজুমদার
সহকারী প্রকৌশলী
মডস জোন-৩, ঢাকা ওয়াসা।

২৭/০৪/২০২৬
সালেহ মোহাম্মদ তাওসিফ
নির্বাহী প্রকৌশলী (চঃ দাঃ)
মডস জোন-৩, ঢাকা ওয়াসা।

SE, MODS / CR-1.

২৬/০৪/২৬
মোঃ ফিরোজ আলম
তত্ত্বাবধায়ক প্রকৌশলী
মডস সার্কেল-১, ঢাকা ওয়াসা।

৪। বৃহত্তর অনুমোদিত।

২৭/০৪/২৬
শওকত মাহমুদ
প্রধান প্রকৌশলী
ঢাকা ওয়াসা।

৬৫ M ৪৭৬-১